



গাজীপুরে তারেক জিয়া সড়কের নাম পুনঃস্থাপনের দাবি



সংগৃহীত ছবি

গাজীপুর সদর উপজেলার মির্জাপুর ইউনিয়নের তালতলী গ্রামে ‘তারেক জিয়া সড়ক’ নাম পুনর্বহালের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (৮ মে) বিকেলে বিএনপি ও অঙ্গসংগঠনের কয়েকশ নেতাকর্মী এতে অংশ নেন।

বক্তারা অভিযোগ করেন, পূর্বে সড়কটি ‘তারেক জিয়া সড়ক’ নামে পরিচিত থাকলেও পরে এর নাম পরিবর্তন করে ‘তালতলী মনিপুর সড়ক’ রাখা হয়, যা তারা মেনে নেননি। উপজেলা ওলামা দলের সভাপতি আমিনুল কাজী বলেন, স্থানীয়ভাবে দীর্ঘদিন ধরে সড়কটি ‘তারেক জিয়া সড়ক’ নামেই পরিচিত ছিল। পরবর্তীতে নাম পরিবর্তন করা হয়েছে বলে তিনি দাবি করেন।

ছাত্রদল নেতা মো. মাজাহারুল ইসলাম বলেন, আগের নাম পুনর্বহাল না করলে আন্দোলন চালিয়ে যাওয়ার কথা জানান তারা। স্থানীয় দোকান ও সাইনবোর্ডেও এখনও পুরোনো নাম ব্যবহৃত হচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

সাবেক ইউপি সদস্য রমজান আলী বলেন, বিভিন্ন নথিপত্রে ‘তারেক জিয়া মোড়’ উল্লেখ থাকলেও পরে নাম পরিবর্তন করা হয়েছে।

এ বিষয়ে এলজিইডি’র সহকারী প্রকৌশলী মো. ফাহাদ জানান, সড়কের নাম বর্তমানে ‘তালতলী মনিপুর সড়ক’ হিসেবে নথিভুক্ত রয়েছে। নাম পরিবর্তন করতে হলে মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন।